**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং৫৮.০৪.০০০০.০২৪.০১.০০১.২০২৫- ১৮

তারিখ ১৮ পৌষ, ১৪৩১
০২ জানুয়ারি, ২০২৫

**বিষয় : বদলিকৃত কারা কর্মকর্তা/কর্মচারীদের বাসা রাখার অনুমতি প্রসঙ্গে;**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন কারাগার/দপ্তরসমূহের কারা কর্মকর্তা/কর্মচারীগণকে বদলি করা হলে সংশ্লিষ্ট কারা কর্মকর্তা/ কর্মচারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বাসায় তাদের পরিবার রেখেই বদলিকৃত কর্মস্থলে যোগদান করছেন; ফলে বদলি জনিত কারণে কর্মকর্তা/কর্মচারীগণকে বাসা বরাদ্দ দেওয়া সম্ভব হচ্ছে না এবং প্রশাসন পরিচালনায় জটিলতা সৃষ্টি হচ্ছে। উপরোক্ত সমস্যা সমাধানে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :-

১। বদলিকৃত কারা কর্মকর্তা/কর্মচারীদের পূর্বের কর্মস্থলে বাসা রাখার প্রয়োজন হলে তাদের আবেদন বিবেচনা করত: সিনিয়র জেল সুপার/জেল সুপার সর্বোচ্চ ০১ (এক) মাস এবং সংশ্লিষ্ট কারা উপ মহাপরিদর্শক সর্বোচ্চ ০২ (দুই) মাস পর্যন্ত বাসা রাখার অনুমতি দিতে পারবেন। এছাড়া এর অতিরিক্ত সময়ের জন্য বাসা রাখার প্রয়োজনীয়তা হলে বাসা খালী করার ০১ (এক) মাস পূর্বেই কারা মহাপরিদর্শক বরাবর আবেদন করা যেতে পারে।

২। বাসা বরাদ্দ কমিটি কর্তৃক বাসা বরাদ্দের জন্য আবেদন মোতাবেক ওয়েটিং লিস্ট তৈরী করতে হবে। প্রেষণে পুনরায় একই স্টেশনে বদলি আসলে বাসার মেয়াদ বর্ধিত হবে না; বরং বাসা নির্দিষ্ট সময়ে ছেড়ে দিয়ে নতুনদের ওয়েটিং লিস্ট অনুযায়ী বাসা প্রদানের সুযোগ প্রদান করতে হবে।

৩। একই স্টেশনে ০৩ (তিন) বছর এর ততোধিক একাধারে চাকুরির ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অধিক সময়ে বাসা বরাদ্দ রাখা/দেয়া যাবে না। বরং বাসা ০৩ (তিন) বৎসর ব্যবহারের পর খালি করে পুনরায় আবেদন এবং ওয়েটিং লিস্টে নাম রাখা যেতে পারে।

৪। ওয়েটিং লিস্টে কেউ না থাকলে ডিআইজির অনুমোদনে সেই বাসা ০৬ (ছয়) মাস এবং এর ততোধিক সময়ের জন্য কারা মহাপরিদর্শক কর্তৃক অনুমোদনের মাধ্যমে থাকতে পারবে।

০১/২৫
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরির্শক
addlig@prison.gov.bd

১. কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর;
২২. সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। কারা উপ মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা;
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৪। জেল সুপার, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ);
৮। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; এবং
৯। গার্ড ফাইল।